গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

এবং

সচিব, খাদ্য মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

# সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৬

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Department/Organization)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

নিরাপদ খাদ্য আইন, ২০১৩ বাস্তবায়নে এ পর্যন্ত ২টি বিধিমালা ও ৬টি প্রবিধানমালা প্রণয়ন করা হয়েছে। সারা দেশে নিরাপদ খাদ্য নিশ্চিত করার লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তর, খাদ্য অধিদপ্তর, সিটি কর্পোরেশন ও পৌরসভার ৭২৫ জন স্যানিটারি ইন্সপেক্টরদের নিরাপদ খাদ্য পরিদর্শকের দায়িত্ব প্রদান করা হয়েছে। খাদ্যের নমুনা পরীক্ষার জন্য ১০টি ল্যাবরেটরিকে ডেজিগনেট করা হয়েছে এবং ৫০ টি ল্যাবরেটরির তথ্য সম্বলিত একটি ডাইরেক্টরি প্রকাশ করা হয়েছে। প্রচার কর্মসূচির আওতায় ৫.০০ লক্ষ পোস্টার, ৪.০০ লক্ষ স্টিকার, ৬.০০ লক্ষ প্যাম্পলেট, ১৭ হাজার পকেট বুক, ১২.৫ লক্ষ লিফলেট ছাপানো হয়েছে এবং মাঠ পর্যায়ে বিলি করা হয়েছে। দেশব্যাপি ৮টি বিভাগে জনসচেতনতামূলক কর্মশালা ও ৬৪টি জেলায় পাবলিক মিটিং আয়োজন করা হয়েছে। দৈনিক পত্রিকা এবং টেলিভিশন চ্যানেলসমূহে নিরাপদ খাদ্য বিষয়ক গণবিজ্ঞপ্তি, বার্তা, টিভিসি, শ্লোগান, স্ক্রল নিউজ, ফেইসবুক ক্যাম্পেইন, মোবাইল ফোনে ম্যাসেজ প্রদানসহ অন্যান্য প্রচারণা চলমান। হোটেল রেস্টুরেন্টের খাদ্য কর্মীদের হাইজিন সেনিটেশন এবং পরিস্কার পরিচ্ছন্নতা অনুসরণে উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রচারপত্র, এ্যাপ্রোন, হ্যান্ড গ্লোবস, মাথার চুল ঢাকার টুপি ইত্যাদি উপকরণ বিতরণ এবং হাইজিন বুকলেট প্রদান করা হয়েছে। নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কৌশলগত পরিকল্পনা (২০১৭-২০২১) প্রণীত হয়েছে। আন্তর্জাতিক ইভেন্ট "বাংলাদেশ ফুড সেফটি কনফারেন্স, ২০১৭" আয়োজন করা হয়েছে। ২০১৮ এবং ২০১৯ সালে ২ ফেব্রুয়ারি কেন্দ্রিয়ভাবে ঢাকায়, মাঠ পর্যায়ে জেলা ও উপজেলায় জাতীয় নিরাপদ খাদ্য দিবস উদ&যাপন হয়েছে। ঢাকা শহরের হোটেলগুলিতে গুনগত মান নির্ণয়ে গ্রেডিং পদ্ধতি চালুর প্রক্রিয়া শুরু হয়েছে। খাদ্য সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য ৮টি টেকনিক্যাল ওয়ার্কিং গ্রুপ গঠন করা হয়েছে এবং বিশেষজ্ঞ ব্যাক্তিদের সমন্বয়ে কারিগরি গঠনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

দক্ষ জনবল সংকট উত্তরণ । খাদ্যে ভেজাল ও দূষণ রোধে আন্তঃসংস্থা সমন্বয়। ঝুঁকিভিত্তিক পরিদর্শন নির্ভরযোগ্য ফুড টেস্টিং ল্যাব এর অভাব, উৎকৃষ্ট পদ্ধতিসমূহ প্রয়োগ এবং প্রবর্তন।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

খাদ্য ভোগ জরিপ পরিচালনার মাধ্যমে নিরাপদ খাদ্য ঝুঁকি চিহ্নিত করা। তথ্য প্রযুক্তি নির্ভর খাদ্য পরিদর্শন, পরিবীক্ষণ ব্যবস্থা চালু । দেশে নিরাপদ নির্ভরযোগ্য ও আধুনিক বিজ্ঞানসম্মত খাদ্য ব্যবস্থাপনা পদ্ধতি প্রচলন।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- নিরাপদ খাদ্য আইনের আওতায় ২টি বিধি-প্রবিধি প্রণয়ন;
- ক্ষমতাপ্রাপ্ত সিটি কর্পোরেশন ও স্বাস্থ্য বিভাগের খাদ্য পরিদর্শকদের মাধ্যমে ১২০০০ টি হাট বাজার/ খাদ্য স্থাপনা পরিদর্শন;
- ১৫০০টি খাদ্য নমুনা পরীক্ষাকরণ;
- নিরাপদ খাদ্য বিষয়ক ১৪টি জনসচেতনতামূলক সভা/সেমিনার আয়োজন;
- ১০০ টি খাদ্য ভেজাল ও দূষণ বিরোধী অভিযান পরিচালনা;
- ২৫০ জন খাদ্য ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদান;
- ২টি শিক্ষা প্রতিষ্ঠানে হাতধোয়া কর্মসূচি;
- নিরাপদ খাদ্য সংশ্লিষ্ট ২টি সংস্থার সাথে সমঝোতা স্মারক/ সেবাদান চুক্তি সম্পাদন;
- ০২ টি টিভিসি প্রস্তুত করে টেলিভিশনে প্রচার;

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবিদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষে-

চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

এবং

সচিব, খাদ্য মন্ত্রণালয়-এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ১২ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় সকলের জন্য নিরাপদ খাদ্য।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার সাথে জড়িত সংশ্লিষ্ট সকল সংস্থা, খাদ্যশিল্প ও খাদ্য ব্যবসায়ী এবং সুশীল সমাজের সহযোগিতায় যথাযথ বিজ্ঞানভিত্তিক বিধি-বিধান তৈরী ও কার্যকর প্রয়োগ এবং খাদ্য শৃঙ্খল পরিবীক্ষণ ও ব্যবস্থাপনার সাথে নিয়োজিত সংস্থাসমূহের কার্যক্রম ফলপ্রসূভাবে সমন্বয়ের মাধ্যমে জীবন ও স্বাস্থ্য সুরক্ষা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. নিরাপদ খাদ্য প্রাপ্তি ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন

২. খাদ্যনীতি, কৌশল ও ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

২. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট সকল সংস্থার কার্যাবলী সমন্বয় সাধন

২. খাদ্য ব্যবসার ক্ষেত্রে নিরাপদ খাদ্য সনদের জন্য সনদ প্রদানকারী সংস্থাসমূহকে সহযোগিতা প্রদান

৩. খাদ্য পরীক্ষাগার এ্যাক্রেডিটেশনের জন্য সংশ্লিষ্ট সংস্থাকে সহযোগিতা প্রদান

৪. আমদানিতব্য খাদ্যদ্রব্যের মানদন্ড ও পরীক্ষণ পদ্ধতি নির্ধারণের জন্য সংশ্লিষ্ট সংস্থাকে সহযোগিতা প্রদান

৫. খাদ্য ও পুষ্টি নিরাপত্তা বিষয়ক নীতিমালা বা বিধিমালা প্রণয়ন এবং বিদ্যমান নীতিমালা বা বিধিমালা সংশোধন বা হালনাগাদকরণে সরকারকে প্রয়োজনীয় বৈজ্ঞানিক পরামর্শ ও কারিগরি সহায়তা প্রদান

৬. নিরাপদ খাদ্য সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি

## সেকশন ২

## দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২০-২১ | ২০২১-২০২২ | | |
| নিরাপদ খাদ্য ও পুষ্টি পরিস্থিতির উন্নতি | খাদ্যে ভেজাল হ্রাস | % | ৯.৫ | ৯.৪ | ৯.৩ | ৯.২ | ৯.১ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] নিরাপদ খাদ্য প্রাপ্তি ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন | ৬২ | [১.১] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্যস্থাপনা ও বাজার পরিদর্শন | [১.১.১] পরিদর্শনের পরিমান | সমষ্টি | সংখ্যা | ১০ | ০ | ৬২৪০ | ১২০০০ | ১১৫০০ | ১১০০০ | ১০৫০০ | ১০০০০ | ১৩০০০ | ১৪০০০ |
| | | [১.২] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্যের মান পরীক্ষা | [১.২.১] পরীক্ষিত নমুনার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১০ | ৫০০ | ১২০০ | ১৫০০ | ১৪০০ | ১৩০০ | ১২০০ | ১১০০ | ১৬০০ | ১৭০০ |
| | | [১.৩] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্য ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদান | [১.৩.১] জনবলের পরিমান | সমষ্টি | সংখ্যা | ৮ | ০ | ২৫৫ | ২৫০ | ২২৫ | ২০০ | ১৭৫ | ১৫০ | ৩০০ | ৪০০ |
| | | [১.৪] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতা বৃদ্ধি | [১.৪.১] কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ৬ | ১০ | ১২ | ১৪ | ১২ | ১০ | ৯ | ৮ | ১৬ | ২০ |
| | | [১.৫] খাদ্য ভেজাল ও দূষণ বিরোধী অভিযান | [১.৫.১] অভিযান পরিচালিত | সমষ্টি | সংখ্যা | ১০ | ০ | ৩৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১২০ | ১৫০ |
| | | [১.৬] নিরাপদ খাদ্য (হোটেল ও রেস্তোরা) প্রবিধানমালা, ২০১৯ প্রণয়ন | [১.৬.১] প্রবিধানমালার প্রণীত | তারিখ | তারিখ | ৫ | | | ৩০.০৪.২০ | ৩০.০৫.২০ | ৩০.০৬.২০ | | | | |
| | | [১.৭] নিরাপদ খাদ্য (ঝুকিপূর্ণ ও বিষাক্ত পদার্থযুক্ত খাদ্যদ্রব্য প্রত্যাহার) প্রবিধানমালা, ২০১৯ প্রণয়ন | [১.৭.১] প্রবিধানমালার প্রণীত | তারিখ | তারিখ | ৫ | | | ৩০.০৪.২০ | ৩০.০৫.২০ | ৩০.০৬.২০ | | | | |
| | | [১.৮] টিভিসির মাধ্যমে প্রচার | [১.৮.১] প্রচারকৃত | সমষ্টি | সংখ্যা | ৪ | | ১ | ২ | ১ | | | | | |
| | | [১.৯] শিক্ষা প্রতিষ্ঠানে হাতধোয়া কর্মসূচি | [১.৯.১] অনুষ্ঠিত ইভেন্ট | সমষ্টি | সংখ্যা | ৪ | | ২ | ২ | ১ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [২] খাদ্যনীতি, কৌশল ও ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | ১৩ | [২.১] জাতীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা উপদেষ্টা পরিষদের ও কেন্দ্রীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা | [২.১.১] সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ৮ | ০ | ২ | ২ | ১ | ০ | ০ | ০ | ৩ | ৩ |
| | | [২.২] আন্তঃসংস্থা সমন্বয় | [২.২.১] স্বাক্ষরিত সমঝোতা স্মারক | সমষ্টি | সংখ্যা | ৫ | ৫ | ৩ | ২ | ১ | ০ | ০ | ০ | ৩ | ৩ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১০ | [১.১] দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] সকল শাখায় ই-নথিব্যবহার | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | গড় | % | ১ | | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | গড় | % | ১ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [১.২] দপ্তর/সংস্থাকর্তৃক ডিজিটাল সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.০২.২০ | ১৫.০৩.২০ | ৩১.০৩.২০ | ৩০.০৪.২০ | ৩০.০৫.২০ | | |
| | | [১.৩] দপ্তর/সংস্থাকর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [১.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১১.০৩.২০ | ১৮.০৩.২০ | ২৫.০৩.২০ | ০১.০৪.২০ | ০৮.০৪.২০ | | |
| | | [১.৪] সেবা সহজিকরণ | [১.৪.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.১০.১৯ | ২০.১০.১৯ | ২৪.১০.১৯ | ২৮.১০.১৯ | ৩০.১০.১৯ | | |
| | | | [১.৪.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.০৪.২০ | ৩০.০৪.২০ | ১৫.০৫.২০ | ৩০.০৫.২০ | ১৫.০৬.২০ | | |
| | | [১.৫] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৫.১] পি আর এল আদেশ জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [১.৫.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [১.৬] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [১.৬.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [১.৬.২] নিয়োগ প্রদানকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [১.৭] বিভাগীয় মামলা নিষ্পত্তি | [১.৭.১] বিভাগীয় মামলা নিষ্পত্তিকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | [১.৮] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [১.৮.১] সকল তথ্যহালনাগাদকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [২] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | [২.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [২.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৬০ | | | | | | |
| | | | [২.১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন অনলাইনে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | | | | | | |
| | | | [২.১.৩] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [২.১.৪] মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.০১.২০ | ০৭.০২.২০ | ১০.০২.২০ | ১১.০২.২০ | ১৪.০২.২০ | | |
| | | [২.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [২.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | | | |
| | | | [২.২.২] ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১০.১৯ | ১৫.১১.১৯ | ১৫.১২.১৯ | ১৫.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | [২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | | [২.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ১২ | ১১ | ১০ | ৯ | | | |
| | | [২.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [২.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | গড় | % | ১ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | | |
| | | | [২.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | | [২.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.১২.১৯ | ১৫.০১.২০ | ০৭.০২.২০ | ১৭.০২.২০ | ২৮.০২.২০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৭ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৬.০৮.১৯ | ২০.০৮.১৯ | ২৪.০৮.১৯ | ২৮.০৮.১৯ | ৩০.০৮.১৯ | | |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | সমষ্টি | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | সমষ্টি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.৪.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ০৩.০২.২০ | ১১.০২.২০ | ১৮.০২.২০ | ২৫.০২.২০ | ০৪.০৩.২০ | | |
| | | | [৩.৪.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ০৩.০২.২০ | ১১.০২.২০ | ১৮.০২.২০ | ২৫.০২.২০ | ০৪.০৩.২০ | | |
| | | [৩.৫] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৫.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | | [৩.৫.২] টেলিফোন বিল পরিশোধিত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | | [৩.৫.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, সচিব, খাদ্য মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, খাদ্য মন্ত্রণালয় হিসাবে চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| চেয়ারম্যান<br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ<br>খাদ্য মন্ত্রণালয়<br>মোহাম্মদ মাহফুজুল হক<br>(চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)<br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ<br>৭১-৭২ ইস্কাটন গার্ডেন<br>প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা। | ১২/৬/২০১৯<br>তারিখ |
| সচিব<br>খাদ্য মন্ত্রণালয়<br>শাহাবুদ্দিন আহমদ<br>সচিব<br>খাদ্য মন্ত্রণালয়<br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | ১২/০৬/২০১৯<br>তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব ষ্ট্যাটিসটিকস্ |
| ২ | আইপিএইচ | ইন্সটিটিউট অব পাবলিক হেলথ |
| ৩ | এমওইউ | মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং |
| ৪ | এফএও | ফুড এন্ড এগ্রিকালচার অর্গানাইজেশন |
| ৫ | এফপিএমইউ | ফুড প্লানিং এন্ড মনিটরিং ইউনিট |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্যস্থাপনা ও বাজার পরিদর্শন | [১.১.১] পরিদর্শনের পরিমান | নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা তদারকীর লক্ষ্যে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এবং স্বাস্থ্য অধিদপ্তরের নিরাপদ খাদ্য পরিদর্শকগণ খাদ্য স্থাপনা/ বাজার পরিদর্শনের সংখ্যা | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | সিটি করপোরেশন, স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদন | প্রতিবেদন |
| [১.২] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্যের মান পরীক্ষা | [১.২.১] পরীক্ষিত নমুনার সংখ্যা | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন এবং স্বাস্থ্য অধিদপ্তরের নিরাপদ খাদ্য পরিদর্শকগণ কর্তৃক সংগৃহীত নমুনা সিটি করপোরেশন/জনস্বাস্থ্য ইনস্টিটিউট এর পরীক্ষাগারে (আইপিএইচ) পরীক্ষার সংখ্যা | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | সিটি করপোরেশন, স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদন | প্রতিবেদন |
| [১.৩] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্য ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদান | [১.৩.১] জনবলের পরিমান | নিরাপদ খাদ্য বিষয়ে খাদ্য ব্যবসায়ী, হোটেল মালেক, খাদ্য স্থাপনার মালিক, ফল ব্যবসায়ীদের যে প্রশিক্ষণ প্রদান করা হয় তাতে অংশগ্রহণকারীদের সংখ্যা | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | নিরাপদ খাদ্য বিষয়ে খাদ্য ব্যবসায়ী, হোটেল মালেক, খাদ্য স্থাপনার মালিক, ফল ব্যবসায়ীদের যে প্রশিক্ষণ প্রদান করা হয় তার প্রতিদেদন | প্রতিবেদন |
| [১.৪] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতা বৃদ্ধি | [১.৪.১] কর্মশালা | খাদ্য ভেজাল রোধে বিভিন্ন সভা/ সেমিনার আয়োজন | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বার্ষিক প্রতিবেদন | প্রতিবেদন |
| [১.৫] খাদ্য ভেজাল ও দূষণ বিরোধী অভিযান | [১.৫.১] অভিযান পরিচালিত | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ম্যাজিষ্ট্রেট কর্তৃক পরিচালিত মোবাইল কোর্টের সংখ্যা | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ম্যাজিষ্ট্রেট কর্তৃক পরিচালিত মোবাইল কোর্টের বার্ষিক প্রতিবেদন | প্রতিবেদন |
| [১.৬] নিরাপদ খাদ্য (হোটেল ও রেস্তোরা) প্রবিধানমালা, ২০১৯ প্রণয়ন | [১.৬.১] প্রবিধানমালার প্রণীত | নিরাপদ খাদ্য আইন, ২০১৩ বাস্তবায়নের লক্ষ্যে প্রবিধি প্রণয়ন করা হবে | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | প্রতিবেদন |
| [১.৭] নিরাপদ খাদ্য (ঝুকিপূর্ণ ও বিষাক্ত পদার্থযুক্ত খাদ্যদ্রব্য প্রত্যাহার) প্রবিধানমালা, ২০১৯ প্রণয়ন | [১.৭.১] প্রবিধানমালার প্রণীত | নিরাপদ খাদ্য আইন, ২০১৩ বাস্তবায়নের লক্ষ্যে প্রবিধি প্রণয়ন করা হবে | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | প্রতিবেদন |
| [১.৮] টিভিসির মাধ্যমে প্রচার | [১.৮.১] প্রচারকৃত | জনসচেনতার জন্য টেলিভিশনের বিভিন্ন চ্যানেলে ১ মিনিটের টিভিসি প্রচার করা হবে তার সংখ্যা | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বার্ষিক প্রতিবেদন | প্রতিবেদন |
| [১.৯] শিক্ষা প্রতিষ্ঠানে হাতধোয়া কর্মসূচি | [১.৯.১] অনুষ্ঠিত ইভেন্ট | স্বাস্থ্য বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য মহানগরের বিভিন্ন স্কুলে হাত ধোয়া কর্মসূচি হাতে কলমে শিক্ষা দেওয়া হয়। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বার্ষিক প্রতিবেদন | প্রতিবেদন |
| [২.১] জাতীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা উপদেষ্টা পরিষদের ও কেন্দ্রীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা | [২.১.১] সভা অনুষ্ঠিত | জাতীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা উপদেষ্টা পরিষদের ও কেন্দ্রীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয় এবং দপ্তরে রেকর্ড সংরক্ষণ করা হয়। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | সভার রেকর্ড সম্পর্কিত প্রতিবেদন | প্রতিবেদন |
| [২.২] আন্তঃসংস্থা সমন্বয় | [২.২.১] স্বাক্ষরিত সমঝোতা স্বারক | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ অন্যান্য সংস্থার সাথে MOU/ চুক্তি স্বাক্ষর | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বার্ষিক প্রতিবেদন | প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
| --- | --- | --- | --- | --- | --- |
| মন্ত্রণালয় | আইন ও বিচার বিভাগ | প্রবিধানমালার প্রণীত | দ্রুত প্রবিধিমালা অনুমোদন | সহযোগি সংস্থা হতে আন্তরিক সহযোগিতা | অর্জন বিলম্বিত |
| মন্ত্রণালয় | আইন ও বিচার বিভাগ | প্রবিধানমালার প্রণীত | দ্রুত প্রবিধিমালা অনুমোদন | সহযোগি সংস্থা হতে আন্তরিক সহযোগিতা | অর্জন বিলম্বিত |
| ডিপার্টমেন্ট | স্বাস্থ্য অধিদপ্তর | মামলা | যথাসময়ে প্রতিবেদন | সহযোগি সংস্থা হতে আন্তরিক সহযোগিতা | অর্জন বিলম্বিত |
| ডিপার্টমেন্ট | স্বাস্থ্য অধিদপ্তর | পরীক্ষিত নমুনার সংখ্যা | যথাসময়ে প্রতিবেদন | সহযোগি সংস্থা হতে আন্তরিক সহযোগিতা | অর্জন বিলম্বিত |
| ডিপার্টমেন্ট | স্বাস্থ্য অধিদপ্তর | পরিদর্শনের পরিমান | যথাসময়ে প্রতিবেদন | সহযোগি সংস্থা হতে আন্তরিক সহযোগিতা | অর্জন বিলম্বিত |
| অন্যান্য | ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি কর্পোরেশন | মামলা | ইভেন্ট এ অংশগ্রহণ ও প্রতিবেদন | সহযোগি সংস্থা হতে আন্তরিক সহযোগিতা | অর্জন বিলম্বিত |
| অন্যান্য | ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি কর্পোরেশন | পরীক্ষিত নমুনার সংখ্যা | ইভেন্ট এ অংশগ্রহণ ও প্রতিবেদন | সহযোগি সংস্থা হতে আন্তরিক সহযোগিতা | অর্জন বিলম্বিত |
| অন্যান্য | ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি কর্পোরেশন | পরিদর্শনের পরিমান | ইভেন্ট এ অংশগ্রহণ ও প্রতিবেদন | সহযোগি সংস্থা হতে আন্তরিক সহযোগিতা | অর্জন বিলম্বিত |